

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি



সিটিজেন্স চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি'র ২০২৩-২৪ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আশফাকুল আমিন মুকুট যুগ্মসচিব
সভার তারিখ	২৩/১১/২০২৩ খ্রি.
সভার সময়	দুপুর ০২:৩০ ঘটিকা
স্থান	প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগ সম্মেলন কক্ষ
উপস্থিতি	সংযোজনী-ক

সভাপতি উপস্থিত নবগঠিত
কমিটি'র সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে সদস্য-সচিব ও সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব মো. সাক্বির বিশ্বাস গত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন:

ক্রম	গত সভার সিদ্ধান্ত	গত সভার সিদ্ধান্তের অগ্রগতি
১.১	সিটিজেন চার্টারের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি পুনরায় গঠনের জন্য প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগকে পত্র প্রেরণ করতে হবে।	প্রশাসন অনুবিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। নতুন কমিটি গঠিত হয়েছে।
১.২	সিটিজেন চার্টারের অভ্যন্তরীণ সেবার ৩ ও ৪ নম্বর দায়িত্ব অধিশাখাভিত্তিক না রেখে শাখাভিত্তিক দায়িত্ব প্রদান করতে হবে।	সিটিজেন চার্টার সংযোজন-বিয়োজন কার্যক্রম চলমান রয়েছে।
১.৩	উন্নয়ন সহযোগীদের সংগে অংশীজন সভা আয়োজন করতে হবে।	আগামী ডিসেম্বর ২০২৩ মাসের মধ্যে প্রথম সভাটি আয়োজন করার কার্যক্রম চলমান রয়েছে।
১.৪	সিটিজেন চার্টার বিষয়ক কর্মশালা আয়োজন করতে হবে।	সচিব মহোদয়ের অনুমতি নিয়ে গত ১৩/১১/২০২৩ খ্রি. তারিখে কর্মশালা আয়োজন করা হয়েছে।

২.০ ২০২৩-২৪ অর্থবছরের সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
২.১	ইআরডি'র চলমান সিটিজেন্স চার্টারে সংযোজন/বিয়োজন করার লক্ষ্যে সকল অনুবিভাগকে সংশ্লিষ্ট অংশ যাচাই করে সংশোধিত প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানাতে হবে।	সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ইআরডি

২.২	সংশোধিত সিটিজেন চার্টার প্রণয়ন করার পর উইং ভিত্তিক বিস্তারিত সিটিজেন চার্টার এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিস্তারিত তথ্যদি সম্বলিত বোর্ড তৈরি করে প্রত্যেক ব্লকে স্থাপন করতে হবে।	সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ইআরডি এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রশাসন-৩ অধিশাখা
-----	--	--

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।



মোঃ আশফাকুল আমিন মুকুট
যুগ্মসচিব

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.২৫২.১৮.০০১.২৩.৭৫

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩০
০৯ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সম্মানিত সদস্য, সিটিজেনস চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি
- ২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ



মোঃ সাব্বির বিশ্বাস
সিনিয়র সিস্টেম এনালিস্ট